কানাইঘাটে শিক্ষকদের উপর হামলার প্রতিবাদে সমাবেশ ও বিক্ষোভ মিছিল

কানাইঘাট প্রতিনিধি:: গত বৃহস্পতিবার কানাইঘাট বড়দেশ আসআদুল উলূম কওমি মাদ্রাসার দখলীয় জায়গায় মাটি ভরাট করে জবর দখলের চেষ্টার প্রতিবাদ করতে গিয়ে হামলাকারীদের হাতে ২ মাদ্রাসা শিক্ষক গুরুতর আহত এবং মাদ্রাসার ছাত্র শিক্ষকদের উপর হামলার ঘটনায় প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। গত শুক্রবার বিকেল ৪টায় বৃহত্তর বড়দেশ এলাকাবাসীর ব্যানারে স্থানীয় বড়দেশ বাজার আনছারুল উলূম মাদ্রাসা মাঠে এ প্রতিবাদ সভার আয়োজন করা হয়।

মাওলানা নজির উদ্দিনের সভাপতিত্বে ও মাওঃ আব্দুল কুদ্দুছ, জসিম উদ্দিনের যৌথ পরিচালনায় এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ, আলেম উলামা সহ সর্বস্তরের জনসাধারনের উপস্থিতিতে প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, গত বৃহস্পতিবার বড়দেশ উত্তর গ্রামের জওয়াহির আলীর পরিবারের সদস্যরা ভোর বেলায় মাদ্রাসার জমি দখলের উদ্দেশ্যে মাদ্রাসার ছাত্র, শিক্ষকদের উপর যে বর্বচিত হামলা করায় এলাকার সর্বস্তরের মানুষের মধ্যে তীব্র ক্ষোভ বিরাজ করছে। অতিথিতে কানাইঘাটে মাদ্রাসার ছাত্র, শিক্ষকদের উপর হামলা, জমি দখল মাদ্রাসায় হামলার ঘটনা কখনো ঘটেনি। এ ধরনের নেক্কারজনক ঘটনা সাথে জড়িত মামলার আসামীদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্ত মূলক শাস্তির জন্য সিলেটের আইন-শৃংখলা বাহিনীর প্রতি আহ্বান জানান বক্তারা।

সেই সাথে তারা বলেন, জওয়াহির আলী জালজালিয়াতির মাধ্যমে মাদ্রাসার জায়গা জবর দখল করার জন্য দীর্ঘদিন থেকে অপচেষ্টা চালিয়ে আসছিল। সর্বশেষ সন্ত্রাসী কায়দায় ভোর বেলা মাদ্রাসার জমি জবর দখল ও নিরীহ ছাত্র, শিক্ষকদের উপর যে হামলা করেছে। এলাকাবাসী ঐক্যবদ্ধ ভাবে তাদের যে কোন অশুভ কর্মকান্ড প্রতিহত করবেন।

প্রতিবাদ সমাবেশে বিভিন্ন কওমি মাদ্রাসার আলেম উলামা ও এলাকাবাসীর পক্ষ থেকে বক্ত্যব রাখেন মাওলানা মুফতি এবাদুর রহমান, ইউপি চেয়ারম্যান মাওলানা জামাল উদ্দিন, বড়দেশ আসআদুল উলূম কওমি মাদ্রাসার মুহতামিম মাওঃ আব্দুল কাদির, মাওঃ সামছুল হক, হাফিজ

মাওঃ আলতাফ হোসেন, মাওঃ হারিছ উদ্দিন, মাওঃ গিয়াস উদ্দিন, মাওলানা হামিদুর রহমান কাশিমী, মাওঃ শহিদুর রহমান কাশিমী, ইউপি সদস্য এবাদুর রহমান, ইউপি সদস্য হারুন রশিদ, মাওঃ হেলাল আহমদ, মাওঃ নজরুল ইসলাম, আব্দুল কুদ্দুছ মেম্বার সহ আরো অনেকে। প্রতিবাদ সমাবেশ পরবর্তী বড়দেশ বাজারে এক বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।